

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৮৪

১/ বিবিধ

আরবী

إن من المثلة أن ينذر الرجل أن يحج ماشيا، فمن نذر أن يحج ماشيا فليهد هديا ويركب ضعيف

أخرجه الحاكم (4 / 305) وأحمد (4 / 429) من طريق صالح بن رستم أبي عامر الخزاز حدثني كثير بن شنظير عن الحسن بن عمران بن حصين مرفوعا، وقال الحاكم: صحيح الإسناد، وأقره الذهبي ثم الزييلي في " نصب الراية " (3 / 305) ثم الحافظ العسقلاني في " الدراية " (242)

وهذا الذي حملني على إيراده كيلا يغتر بذلك من لا علم عنده، فإن لهذا الإسناد علتين الأولى: ضعف أبي عامر هذا، قال الحافظ في " التقريب ": صدوق كثير الخطأ والأخرى عنعنة الحسن وهو البصري، وكان مدلسا، وقد روى أحمد وغيره من طرق عن الحسن بن عمران النهي عن المثلة وليس فيه هذا الذي رواه أبو عامر فدل على ضعفه، وكذلك جاءت أحاديث كثيرة في أمر من نذر الحج ماشيا أن يركب ويهدى هديا، وليس في شيء منها، أن نذر الحج ماشيا من المثلة (راجع نيل الأوطار 8 / 204 - 207)

বাংলা

৪৮৪। কোন ব্যক্তি হেঁটে হজ্জ পালন করার নযর মানলে তা মুসলার অন্তর্ভুক্ত। আর যে ব্যক্তি পায়ে হেঁটে হজ্জ

করার জন্য নযর মানবে, সে একটি হাদী (কুরবানীর জঙ্ক) প্রদান করবে এবং (হজ্জের জন্যে) আরোহন করবে।

হাদীসটি দুর্বল।

এটি হাকিম (৪/৩০৫) এবং আহমাদ (৪/৪২৯) সালেহ্ ইবনু রুস্তম আবী আমের খাযযায় সূত্রে কাসীর ইবনু সানবীর হতে এবং তিনি হাসান হতে ... বর্ণনা করেছেন। হাকিম বলেনঃ সনদটি সহীহ। যাহাবী তা সমর্থন করেছেন। অতঃপর যায়লাঈ “নাসবুর রায়ী” গ্রন্থে (৩/৩০৫) এবং হাফিয ইবনু হাজার আসকালানী “আদ-দিরায়ী” গ্রন্থে (২৪২) তা সমর্থন করেছেন।

এটিই আমাকে উৎসাহিত করেছে হাদীসটি সম্পর্কে আলোচনা করার জন্যে। যাতে করে যার এ বিষয়ে জ্ঞান নেই, সে ধোকায় না পড়ে। কারণ হাদীসটির দুটি সমস্যা রয়েছেঃ

১। এ আবু আমের দুর্বল। হাফিয তার সম্পর্কে “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ সত্যবাদী, বহু ভুল করতেন।

২। হাসান কর্তৃক আন আন সূত্রে বর্ণিত হয়েছে। তিনি হচ্ছেন বাসরী, মুদাল্লিস বর্ণনাকারী। ইমাম আহমাদ ও অন্যান্য বিভিন্ন সূত্রে হাসান হতে ... মুসলা নিষিদ্ধ হওয়ার বিষয়টি বর্ণনা করেছেন। তাতে আবু আমের যা বর্ণনা করেছেন তা নেই। এটিই প্রমাণ করছে যে, এ হাদীসটি দুর্বল। এছাড়া নযরের মাধ্যমে হেঁটে হজ্জ করার বিষয়ে বহু হাদীস এসেছে...। তার কোনটিতেই নযরের মাধ্যমে হেঁটে হজ্জ করাকে মুসলার অন্তর্ভুক্ত করা হয়নি। দেখুনঃ “নায়লুল আওতার (৮/২০৪-২০৭)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68069>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন